গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
আইসিটি অধিশাখা
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd; যুউঅ.বাংলা

নম্বর: ৩৪.০১.০০০০.০০৮.৩১.০৪৭.১৮.১৬

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৬
০৮ জুলাই ২০১৯

অফিস আদেশ

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ ৬৪টি জেলা ও ৪৯৮টি উপজেলা কার্যালয় এবং কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রে এটুআই কর্তৃক বাস্তবায়িত ওয়েব পোর্টাল রয়েছে যা তথ্য বাতায়ন নামে সকলের কাছে অতি পরিচিত। মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণকে এটুআই ও জেলা/উপজেলা প্রশাসনসহ কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের মাধ্যমে একাধিকবার ওয়েব পোর্টাল ম্যানেজমেন্ট প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে এবিষয়ে একাধিকবার পত্র দেওয়া সত্ত্বেও উক্ত পোর্টালসমূহ আপডেট করা হচ্ছে না যা অত্যন্ত দুঃখজনক। জেলা ও উপজেলার ওয়েব পোর্টালসমূহ তথ্য বহুল না হওয়ায় জনসাধারন জেলা ও উপজেলার কার্যক্রম সম্পর্কে জানতে পারছে না। জেলা/উপজেলার আওতাধীন পরিচালিত কার্যক্রম ও সেবামূলক তথ্যসহ সিটিজেন চার্টার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, জাতীয় শুদ্ধাচার কৌশল ইত্যাদি এবং উপপরিচালক কর্তৃক অনুমোদিত প্রশাসনিক ও জেলা/উপজেলার বিভিন্ন গ্রেডের কর্মচারীর বিভিন্ন প্রকার ছুটি, অনাপত্তি পত্র (এনওসি),বদলি,জিপিএফ ইত্যাদি জেলার পোর্টালে আপলোড করা আবশ্যক। এক্ষেত্রে সংযুক্ত নির্দেশনা অনুযায়ী স্ব স্ব পোর্টালের সেবাবক্স ও লিংকসমূহ বিশেষ গুরুত্বের সাথে তথ্য সমৃদ্ধ করার জন্য বলা হলো।

২। এখন থেকে প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের সকল দপ্তর প্রধানগণ পত্র/তথ্য আদান-প্রদানের মাধ্যম হিসেবে সরকারি ই- মেইল ব্যবহার করবেন।

৩। মাঠ পর্যায়ের সকল দপ্তর প্রধানগণকে ইতোপূর্বে গ্রামীণফোনের সিম সরবরাহ করা হয়েছিল। উক্ত সিম ১৫ (পনের) মাসের অধিককাল অব্যবহৃত থাকলে তা স্বয়ংক্রিয়ভাবে ব্লক হয়ে যায় যা কোনভাবেই সচল করা সম্ভব নয়। সিম সতর্কতার সাথে ব্যবহারের জন্য বলা হলো।

৪। প্রত্যেক কর্মদিবসে কমপক্ষে ২ বার ই-মেইল এবং ই-নথি দেখতে হবে এবং সকল চিঠিপত্র ই-মেইল/ই-নথিযোগে প্রেরণ করতে হবে।

৫। সকল জেলা/উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টালের ঠিকানা (URL) সম্বলিত তালিকা dyd.gov.bd ওয়েব পোর্টালের "বিভিন্ন বাতায়ন" নামক সেবা বক্সে এবং সরকারি ই-মেইল ঠিকানাসমূহ "আমাদের সম্পর্কে" মেনুবারে রয়েছে। আগামী ১৫/০৭/২০১৯খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল জরুরিভিত্তিতে আপডেটসহ সরকারি ই-মেইল এবং গ্রামীণফোনের সিম ব্যবহার করার জন্য বলা হলো। অন্যথায় সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে জবাবদিহীতার আওতায় আনা হবে।

৮-৭-২০১৯
ফারুক আহমেদ
মহাপরিচালক

নম্বর: ৩৪.০১.০০০০.০০৮.৩১.০৪৭.১৮.১৬/১

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৬
০৮ জুলাই ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২) পরিচালক , প্রশাসন ও অর্থ , যুব উন্নয়ন অধিদপ্তর
৩) পরিচালক , বাস্তবায়ন, মনিটরিং ও যূব সংগঠন , যুব উন্নয়ন অধিদপ্তর
৪) পরিচালক , দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী , যুব উন্নয়ন অধিদপ্তর
৫) পরিচালক , প্রশিক্ষণ , যুব উন্নয়ন অধিদপ্তর
৬) পরিচালক , পরিকল্পনা , যুব উন্নয়ন অধিদপ্তর
৭) উপ-পরিচালক (সকল জেলা) যুব উন্নয়ন অধিদপ্তর
৮) কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র,যুব উন্নয়ন অধিদপ্তর......................(সকল)।
৯) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর................................উপজেলা...........................জেলা।
১০) সংশ্লিষ্ট নথি।

৮-৭-২০১৯
সালেহ উদ্দিন আহমেদ
সহকারী পরিচালক

পোর্টাল আপডেট করার নির্দেশনা

<table>
<tr><th>জেলার পোর্টাল</th><th>উপজেলার পোর্টাল</th></tr>
<tr><td>আমাদের বিষয়ে:
• কর্মকর্তাবৃন্দ- নিজ দপ্তরের (১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা)
• কর্মচারীবৃন্দ- নিজ দপ্তরের (৩য় শ্রেণীর কর্মচারী)
• যোগাযোগ- উপপরিচালকের কার্যালয় , যুব প্রশিক্ষণ কেন্দ্র ও জেলার আওতাধীন প্রশিক্ষণ কেন্দ্র সমূহের বিস্তারিত ঠিকানা।

সেবাসমূহ:
• সেবার তালিকা (প্রশিক্ষণ, ঋণ ও অন্যান্য বিষয়)
• কী সেবা কীভাবে পাবেন (প্রশিক্ষণ, ঋণ ও অন্যান্য বিষয়)
• সিটিজেন চার্টার- (নিজ দপ্তর)
• সাংগঠনিক কাঠামো

বিভিন্ন আদেশ
• অনাপত্তি পত্র (এনওসি)
• বিভিন্ন ছুটি
• বদলি
• জিপিএফ

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা:
• নির্দেশিকা সমূহ
• অনলাইনে অভিযোগ দাখিল
• অভিযোগ প্রতিকার ব্যবস্থা
• অনিক ও আপিল কর্মকর্তা

তথ্য অধিকার:
• তথ্য প্রদানকারী কর্মকর্তা
• তথ্য আইন ও বিধিমালা
• কর্মকর্তা ও আবেদনকারীর নির্দেশিকা
• তথ্যের আবেদন ফরম

কর্মসম্পাদন ব্যবস্থাপনা:
• পরিপত্র/নীতিমালা
• চুক্তিসমূহ
• চুক্তির কাঠামো
• এপিএমএস

জাতীয় শুদ্ধাচার কৌশল
• জাতীয় শুদ্ধাচার কৌশল
• নৈতিকতা কমিটি
• কর্মপরিকল্পনা/প্রতিবেদন
• প্রজ্ঞাপন/আদেশ/নীতিমালা</td><td>আমাদের বিষয়ে:
• কর্মকর্তাবৃন্দ- নিজ দপ্তরের কর্মকর্তা
• কর্মচারীবৃন্দ- নিজ দপ্তরের ৩য় শ্রেণীর কর্মচারী
• যোগাযোগ- নিজ দপ্তরের বিস্তারিত ঠিকানা।

সেবাসমূহ:
• সেবার তালিকা (প্রশিক্ষণ, ঋণ ও অন্যান্য বিষয়)
• কী সেবা কীভাবে পাবেন (প্রশিক্ষণ, ঋণ ও অন্যান্য বিষয়)
• সিটিজেন চার্টার- (নিজ দপ্তর)
• সাংগঠনিক কাঠামো

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা:
• নির্দেশিকা সমূহ
• অনলাইনে অভিযোগ দাখিল
• অভিযোগ প্রতিকার ব্যবস্থা
• অনিক ও আপিল কর্মকর্তা

তথ্য অধিকার:
• তথ্য প্রদানকারী কর্মকর্তা
• তথ্য আইন ও বিধিমালা
• কর্মকর্তা ও আবেদনকারীর নির্দেশিকা
• তথ্যের আবেদন ফরম

কর্মসম্পাদন ব্যবস্থাপনা:
• পরিপত্র/নীতিমালা
• চুক্তিসমূহ
• চুক্তির কাঠামো
• এপিএমএস

বিভিন্ন বাতায়ন
• মন্ত্রণালয়ের বাতায়ন
• অধিদপ্তরের বাতায়ন
• উপপরিচালকের বাতায়ন
• উপজেলা নির্বাহী কর্মকর্তার বাতায়ন

জাতীয় শুদ্ধাচার কৌশল
• জাতীয় শুদ্ধাচার কৌশল
• নৈতিকতা কমিটি
• কর্মপরিকল্পনা/প্রতিবেদন
• প্রজ্ঞাপন/আদেশ/নীতিমালা</td></tr>
</table>